

## ■ সোয়াদ | □□d | ০০০ |

আয়াতঃ ৩৮ : ৬১

## 💵 আরবি মূল আয়াত:

## قَالُوا رَبَّنَا مَن قَدَّمَ لَنَا هٰذَا فَزِدهُ عَذَابًا ضِعفًا فِي النَّارِ ﴿٢٩﴾

## 🗚 অনুবাদসমূহ:

তারা বলবে, 'হে আমাদের রব, যে আমাদের জন্য এ বিপদ এনেছে, জাহান্নামে তুমি তার আযাবকে দ্বিগুণ বাড়িয়ে দাও।' — আল-বায়ান

তারা বলবে- হে আমাদের প্রতিপালক! আমাদের জন্য যে এ ব্যবস্থা এনে দিয়েছে তাকে জাহান্নামে দ্বিগুণ শাস্তি দাও। — তাইসিরুল

তারা বলবেঃ হে আমাদের রাব্ব! যে এটা আমাদের সম্মুখীন করেছে জাহান্নামে তার শাস্তি আপনি দ্বিগুণ বর্ধিত করুন! — মুজিবুর রহমান

They will say, "Our Lord, whoever brought this upon us - increase for him double punishment in the Fire." — Sahih International

৬১. তারা বলবে, হে আমাদের রব! যে এটাকে আমাদের সম্মুখীন করেছে, আগুনে তার শাস্তি আপনি দ্বিগুণ বাড়িয়ে দিন।

তাফসীরে জাকারিয়া

- (৬১) ওরা বলবে, 'হে আমাদের প্রতিপালক! যে আমাদেরকে এর সম্মুখীন করেছে[1] জাহান্নামে তার শাস্তি দিগুণ বর্ধিত কর।' [2]
  - [1] অর্থাৎ, যে আমাদেরকে কুফরের দাওয়াত দিয়েছিল এবং তা সত্য বলে ভরসা দিয়েছিল। অথবা যে কুফরীর দিকে দাওয়াত দিয়ে আমাদেরকে এই শাস্তির সম্মুখীন করেছে।
  - [2] এ কথা এর পূর্বে বেশ কিছু জায়গায় বর্ণিত হয়েছে, যেমন সুরা আ'রাফ ৩৮, সুরা আহ্যাব ৬৮ আয়াত।

তাফসীরে আহসানুল বায়ান



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন